সংবাদ

27 JUN 2003

পৃষ্ঠা ...১২... কলাম ...৫...

# ঢা.বি সিনেটে নবনির্বাচিত সদস্যরা রাষ্ট্রপতির সঙ্গে দেখা করেছেন

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে নবনির্বাচিত সদস্য ও প্রবীণ শিক্ষকদের একটি প্রতিনিধিদল বৃহস্পতিবার বঙ্গভবনে রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছে।

রাষ্ট্রপতি সিনেট সদস্য ও শিক্ষকবৃন্দকে বঙ্গভবনে স্বাগত জানান। ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম আরও উন্নত করার জন্য তিনি তাদের সঙ্গে মতবিনিময় করেন। ক্যাম্পাসে শিক্ষার অনুকূল পরিবেশ অব্যাহত রাখা এবং শিক্ষার গুণগত মানোন্নয়নে তারা নিজ নিজ অবস্থান থেকে কার্যকর ভূমিকা রাখবেন বলে রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন। সাক্ষাতকালে অন্যদের মধ্যে রাষ্ট্রপতির পত্নী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রফেসর ড. আনোয়ারা বেগম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর আ.ক.ম ইউসুফ হায়দার ও সাবেক উপ-উপাচার্য প্রফেসর ওয়াকিল আহমদ উপস্থিত ছিলেন। তথ্য বিবরণী।